তারিখ: 20 SEP 2016
পৃষ্ঠা ৪ কলাম ৫

সংবাদ

# কারিগরি শিক্ষা অধিদফতরের ২৮৭ শিক্ষক বেতন-ভাতা পাচ্ছেন না ১৫ মাস

জেলা বার্তা পরিবেশক, বরিশাল

কারিগরি শিক্ষা অধিদফতরের স্কিল ডেভেলপমেন্ট (এসডিপি) প্রকল্পের আওতায় নিয়োগ পাওয়া বরিশালসহ সারাদেশের ২৮৭ শিক্ষক প্রায় ১৫ মাস ধরে বেতন পাচ্ছেন না। ওই ২৮৭ শিক্ষকের মধ্যে বরিশাল অঞ্চলে আছেন ২৫ জন। টানা ১৫ মাস বেতন না পাওয়ায় পরিবার-পরিজন নিয়ে ওই শিক্ষকরা এখন মহাদুর্ভোগে আছেন। একাধিক শিক্ষক জানিয়েছেন, স্কিল ডেভেলপমেন্ট প্রকল্পের আওতায় দেশের ৬৪ জেলার সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজগুলোতে ৫ জন করে মোট ২৮৭ জন ইন্সট্রাক্টর ও জুনিয়র ইন্সট্রাক্টর নিয়োগ দেয়া হয়। ২০১৫ সালের ৩০ জুন এ প্রকল্পের মেয়াদ শেষ হয়েছে। মেয়াদ শেষের পরপরই বন্ধ হয়ে যায় ওই ২৮৭ শিক্ষকের বেতন-ভাতা। শিক্ষকদের দাবি, কারিগরি শিক্ষা অধিদফতরের মহাপরিচালকের মৌখিক নির্দেশে তারা নিজ নিজ কর্মস্থলে পাঠদান কার্যক্রম অব্যাহত রেখেছেন। পাশাপাশি চাকরি স্থায়ীকরণসহ বেতন-ভাতা পাওয়ার দাবি জানিয়ে প্রধানমন্ত্রী এবং কারিগরি শিক্ষা অধিদফতরে আবেদন জানিয়েছেন। সংশ্লিষ্ট শিক্ষকরা জানান, সরকার ২০২০ সালের মধ্যে কারিগরি শিক্ষার হার শতকরা ২০ ভাগ উন্নীত করার লক্ষ্যমাত্রা নিয়ে ৬৪টি সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কোর্স চালু করেছে। ওই কোর্সেই এসডিপি প্রকল্পের শিক্ষকরা পাঠদান করছেন। ঝালকাঠি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজের ইন্সট্রাক্টর মো. ইশতিয়াক হোসেন জানান, দীর্ঘ প্রায় ১৫ মাস বেতন-ভাতা না পেয়ে তারা নানাভাবে বিপর্যয়ের মুখে পড়েছেন। এ সরকারি চাকরির বয়সও তাদের শেষ হয়ে আসছে। এ অবস্থায় তাদের চাকরি স্থায়ীকরণ এবং বকেয়া বেতন-ভাতা না দেয়া হলে সারাজীবন দুর্ভোগ পোহাতে হবে।